

## ‘দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা স্থাপন ও পরিচালনা’ শীর্ষক প্রকল্প।

০১. প্রকল্পের শিরোনাম: ‘দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা স্থাপন ও পরিচালনা’ শীর্ষক প্রকল্প।

০২. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:

(ক) সুবিধা বঞ্চিত শিশুদের সাধারণ শিক্ষার পাশাপাশি ধর্মীয় ও নৈতিকশিক্ষা প্রদানের মাধ্যমে ধর্মীয় জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টি ও

দেশের স্বাক্ষরতার হার বৃদ্ধিকরণ;

(খ) আরবী ভাষা শিক্ষার মাধ্যমে দক্ষতার মান উন্নয়ন;

(গ) সাধারণ শিক্ষিতদের পাশাপাশি মাদ্রাসার শিক্ষিত বিশেষত : সরকার স্বীকৃত সনদধারী আলিয়া ও কওমী মাদ্রাসা থেকে উত্তীর্ণ

আলেমদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ;

(ঘ) দেশের সকল উপজেলায় কোন ধরনের অবকাঠামোগত ব্যয় ছাড়াই জনগণের অংশগ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠিত মোট ১০১০টি দারুল

আরকাম ইবতেদায়ী মাদ্রাসা পরিচালনা করা;

(ঙ) প্রকল্প মেয়াদে মোট ৫৬৫৬০০ জন শিক্ষার্থীকে ৪র্থ শ্রেণী পর্যন্ত পাঠদান করে পরবর্তী শিক্ষার সুযোগ করে দেয়া;

(চ) দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা কার্যক্রম পরিচালনার সাথে সম্পৃক্ত মোট ৩০৩০ জন (শিক্ষক ২০২০ জন এবং সহায়ক কর্মী

১০১০ জন) আলেম-ওলামা ও সাধারণ শিক্ষায় শিক্ষিত বেকার নারী-পুরুষের কর্মসংস্থান;

০৩. প্রকল্পের বাস্তবায়নকাল: ০১/০১/২০২১ থেকে ৩১/১২/২০২৪ পর্যন্ত।

০৪. প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: ১৯৯.০৬ কোটি (একশত নিরানব্বই কোটি ছয় লক্ষ) টাকা

০৫. ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত এডিপি বরাদ্দ: ৭২১৪.০০ লক্ষ (বাহাত্তর কোটিচৌদ্দ লক্ষ) টাকা।

০৬. ২০২৩-২৪ অর্থবছরের অগ্রগতি (জুন ২০২৪ পর্যন্ত): আর্থিক: ৭৭.৫৩% এবং বাস্তব: ৪৪.৩২%।

০৭. প্রকল্পের শুরু থেকে ক্রমপঞ্জিত অগ্রগতি: আর্থিক: ৭১.২২% এবং বাস্তব: ৫৯.৮৯%।

২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্পের মাঠ পর্যায়ে ১৯৫০ জন শিক্ষক এবং ৮৬২ জন সহায়ক কর্মী নিয়োগ সম্পন্ন হয়েছে। ১৯৫০ জন শিক্ষক ও ৮৬২ জন কর্মীর সম্মানি ভাতা পরিশোধ করা হয়। প্রকল্প দপ্তরের জন্য ৫টি কম্পিউটার, ৪১টি আসবাবপত্র ও ৫টি অফিস সরঞ্জাম ক্রয় করা হয় এবং মাঠ পর্যায়ে ১০১০টি মাদ্রাসা ভবন মেরামত ও চালু করা হয়। ১০১০টি ইবতেদায়ী মাদ্রাসায় মোট ৭৩৩৫টি আসবাবপত্র, ১৮৯৫০টি পুস্তক ও সহায়ক উপকরণ এবং ২৮৭৭৯টি শিক্ষা ও শিক্ষণ উপকরণ সরবরাহ করা হয়। তাছাড়া, যেসকল মাদ্রাসায় বিদ্যুৎ সংযোগ নেই, সেসকল মাদ্রাসায় বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৬০০ জন শিক্ষককে ৩ (তিন) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মকর্তাদের যাতায়াত এবং মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শনের জন্য ১টি মাইক্রোবাস চুক্তিভিত্তিক ভাড়া করা হয়েছে। এছাড়া প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের কাজও সম্পন্ন হয়েছে।

২০২৪-২৪২৫ অর্থ বছরে ৩৩০০.০০ লক্ষ ( তেরিশ কোটি) টাকা এডিপি বরাদ্দ পাওয়া গেছে। বর্তমান প্রকল্পটি ডিসেম্বর, ২০২৪ শেষ হবে। আগামী জানুয়ারী , ২০২৫ থেকে ডিসেম্বর, ২০২৯ পর্যন্ত ৪ বছর মেয়াদে ‘দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা পরিচালনা ও শিক্ষা কার্যক্রম সুসংহতকরণ প্রকল্প (২য় পর্যায়)’ শীর্ষক প্রকল্প ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।